

## 💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১২৪৫

২৯. তালাক অধ্যায় (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৩১. যাহার স্বামীর মৃত্যু হইয়াছে তাহার জন্য ইদ্দত পালনার্থে নিজ গৃহে অবস্থান করা

بَابِ مَقَامِ الْمُتَوَقَّى عَنْهَا زَوْجُهَا فِي بَيْتِهَا حَتَّى تَحِلَّ

## আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ سَعْد بْنِ إِسْحَقَ بْنِ عُجْرَةَ عَنْ عَمَّتِهِ زَيْنَبَ بِنْتِ كَعْب بْنِ عُجْرَةَ أَنَّ الْفُرَيْعَةَ بِنْتَ مَالِك بْنِ سِنَانِ وَهِيَ أُخْتُ أَبِي سَعِيد الْخُدْرِيِّ أَخْبَرَتْهَا لَنَّهَا جَاءَتْ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْأَلُهُ أَنْ تَرْجِعَ إِلَى أَهْلِهَا فِي بَنِي خُدْرَةَ فَإِنَّ زَوْجَهَا خَرَجَ فِي طَلَب أَعْبُد لَهُ أَبَقُوا حَتَّى إِذَا كَانُوا بِطَرَف الْقَدُومِ لَحِقَهُمْ خُدْرَةَ فَإِنَّ زَوْجِي لَمْ يَتْرُكُنِي فِي مَسْكَنِ يَمْلِكُهُ وَلَا نَقْقَةٍ قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَرْجِعَ إِلَى أَهْلِي فِي بَنِي خُدْرَةَ فَإِنَّ زَوْجِي لَمْ يَتُرُكُنِي فِي مَسْكَنِ يَمْلِكُهُ وَلَا نَقَقَةٍ قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَرْجِعَ إِلَى أَهْلِي فِي بَنِي خُدْرَةَ فَإِنَّ زَوْجِي لَمْ يَتُرُكُنِي فِي مَسْكَنِ يَمْلِكُهُ وَلَا نَقَقَةٍ قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَنْ وَهِي لَمْ يَتُركُنِي فِي مَسْكَنِ يَمْلِكُهُ وَلَا نَقَقَةٍ قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ أَمْرَ بِي فَنُودِيتُ لَهُ فَقَالَ كُنْتُ فِي الْحُجْرَةِ نَادَانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ أَمْرَ بِي فَنُودِيتُ لَهُ فَقَالَ كَيْفَ قُلْتَ هُو الْمَالُ إِلَيَّ فَسَأَلُونِي عَنْ ذَلِكَ فَأَحْبَرُتُهُ وَلَا لَلْهِ مَعْد الْهُ أَنْ أَنْ وَعَيْ وَعَشَى بِهِ فَطَى مَا لَكُونُ عَلَيْهِ الْوَتِكَى بِهِ فَقَالَ الْمَا عَلَى اللَّهُ عَلَيْهِ أَنْ أَنْ وَعَشَى بِهِ

## বাংলা

রেওয়ায়ত ৮৭. যায়নাব বিনত কাব ইবন উজরাহ (রাঃ) হইতে বর্ণিত, আবু সাঈদ খুদরী (রাঃ)-এর ভগ্নী ফুরাইয়া বিনত মালিক ইবন সিনান (রাঃ) তাহাকে খবর দিয়াছেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সমীপে বনী খুদরায় তাহার পরিজনের নিকট চলিয়া যাওয়ার (অনুমতি সম্পর্কে) সওয়াল করার জন্য উপস্থিত হইলেন, কারণ তাহার স্বামী কয়েকটি পলাতক ক্রীতদাসের সন্ধানে বাহির হইয়াছিলেন। যখন (মদীনা হইতে ছয় মাইল দূরে অবস্থিত) কাদুম নামক স্থানের কাছে পৌছিয়া উহাদিগকে পাইলেন। তখন ক্রীতদাসরা তাহাকে হত্যা করিল। ফুরাইয়া বলেনঃ অতঃপর আমি বনী খুদরাতে আমার পরিজনের নিকট ফিরিয়া যাওয়ার বিষয় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লামের নিকট প্রশ্ন করিলাম এবং বলিলাম, আমার স্বামী তাহার মালিকানাধীন কোন গৃহ



আমার জন্য রাখিয়া যান নাই এবং কোন খোরপোশেরও ব্যবস্থা করিয়া যান নাই। ফুরাইয়া বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ হ্যাঁ, (তুমি তোমার পরিজনের নিকট যাইতে পার)। ফুরাইয়া বলেন, আমি ফিরিয়া আসিয়া আমার কক্ষে প্রবেশ করিয়াছি। এমন সময় আমাকে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবার আহবান করিলেন অথবা আহবান করিতে নির্দেশ দিলেন। আমি তাহার আহবানে উপস্থিত হইলে তিনি বলিলেন, তুমি কি বলিয়াছিলে (পুনরায় বল)। আমার স্বামীর যে ঘটনা আমি তাহার নিকট উল্লেখ করিয়াছিলাম পুনরায় সেই ঘটনা বর্ণনা করিলাম। (ঘটনা শ্রবণ করার পর) তিনি বলিলেনঃ তোমার গৃহেই অবস্থান কর ইন্দত শেষ হওয়া পর্যন্ত । ফুরাইয়া বলেনঃ আমি ইহার পর সেই গৃহে চার মাস দশ দিন ইন্দত পালন করিলাম। তিনি বলেনঃ উসমান ইবন আব্বাস (রাঃ) আমার নিকট লোক প্রেরণ করিলে আমি তাহাকে ঐ ঘটনার খবর দিলাম। তিনি উহা অনুসরণ করিলেন এবং সেই মৃতাবিক ফয়সালাও দিলেন।

## **English**

Yahya related to me from Malik from Said ibn Ishaq ibn Kab ibn Ujra from his paternal aunt, Zaynab bint Kab ibn Ujra that al-Furaya bint Malik ibn Sinan, the sister of Abu Said al-Khudri, informed her that she went to the Messenger of Allah, may Allah bless him and grant him peace, and asked to be able to return to her people among the Banu Khudra since her husband had gone out in search of some of his slaves who had run away and he had caught up with them near al-Qudum, (which is 6 miles from Madina), and they had killed him.

She said, "I asked the Messenger of Allah, may Allah bless him and grant him peace, if I could return to my people in the Banu Khudra, as my husband had not left me in a dwelling which belonged to him, and had left me no maintenance. The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, 'Yes.' So I left. When I was in the courtyard, the Messenger of Allah, may Allah bless him and grant him peace, called me or summoned me, and I answered him. He said, 'What did you say?' I repeated the story about my husband. He said, 'Stay in your house until what is written reaches its term.' I did the idda in the house for four months and ten days."

She added, "When Uthman ibn Affan sent for me, I told him that, and he followed it and made decisions by it.

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন